

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৬৭৬.১৯ নথির বিষয়: বিষয়ঃ ইউটসোর্সিং বিলিং সহকারীদের জন্য অন লাইনে “রাজস্ব বিলিং, আদায় ও গ্রাহক সেবা”- শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

নোট: ৭ নোটের বিষয়: বিষয়ঃ রাজস্ব বিভাগে কর্মরত ইউটসোর্সিং বিলিংসহকারীদের জন্য “রাজস্ব বিলিং, আদায় ও গ্রাহক সেবা”-শীর্ষক দুই(০২)টি একদিনের প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ৭.০ - তারিখঃ ৪/১০/২৩ ১২:২৭ অপরাহ্ন

১) ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২৪ইং অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত ও প্রশিক্ষণ কেন্দ্রের প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “রাজস্ব বিলিং, আদায় ও গ্রাহক সেবা”-শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি অন্তর্ভুক্ত আছে। সর্বোত্তম গ্রাহকসেবা নিশ্চিতকরণ, কর্মক্ষেত্রে বিলিংসহকারীদের দায়িত্ব ও কর্তব্য, রাজস্ব আদায়ের বিধিবিধান ও পদ্ধতি, ক্রেটিপূর্ণ মিটার সনাক্তকরণ, মিটার রিডিং সংগ্রহ ও ক্রেটি চিহ্নিতকরণ ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট ধারণা প্রদানের লক্ষ্যে, “রাজস্ব বিলিং, আদায় ও গ্রাহক সেবা,”-শীর্ষক দুই(০২)টি একদিনের প্রশিক্ষণ আগামী ২২ ও ২৩ অক্টোবর ২০২৩ইং ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২) দুই(০২)টি ব্যাচে অনুষ্ঠেয় বর্ণিত প্রতিটি একদিনের প্রশিক্ষণে ঢাকা ওয়াসা রাজস্ব বিভাগের মোট ৪০ (চল্লিশ)জন ইউটসোর্সিং বিলিংসহকারী অংশগ্রহণ করবেন এতৎ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয় এর সাথে আলোচনা হয়েছে। সংযুক্ত পত্রে দুই (০২)টি একদিনের (প্রতি ব্যাচে ২০ জন প্রশিক্ষার্থী) প্রশিক্ষণে অংশগ্রহণকারী মোট ৪০(চল্লিশ)জন বিলিং সহকারীর মনোনয়ন প্রস্তাব এবং খসড়া প্রশিক্ষণ সূচী সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হ’ল।

সংযুক্তি: ক) দুই (০২)টি ব্যাচের ৪০ (চল্লিশ)জন প্রশিক্ষার্থীর নামের তালিকা,বিবেচ্য সংযুক্তি: participant list for revenue training 2 batches.pdf, সদয় দ্রষ্টব্য।

খ) প্রশিক্ষণ কর্মসূচী,বিবেচ্য সংযুক্তি: Course Program for batch-1 & 2.pdf, সদয় দ্রষ্টব্য।

৩) “রাজস্ব বিলিং, আদায় ও গ্রাহক সেবা”-শীর্ষক দুই(০২)টি ব্যাচের প্রশিক্ষণ (প্রতিটি এক পূর্ণকর্মদিবসব্যাপী) সম্পাদনে নিম্নরূপ ব্যয় হবে যার প্রাক্কলন সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল:

ক্রমিক নং	ব্যয়ের খাতসমূহ	ব্যয় বিবরণী
ক)	দুইটি ব্যাচের প্রশিক্ষকদের সম্মানী (৪টি ক্লাস ২০০০/-হারে=৮,০০০/-, ২টি ক্লাস ১৫০০/-টাকা হারে=৩,০০০/- এবং ২টি ক্লাস ১০০০/-টাকা হারে=২০০০/-=(৮,০০০/-+৩০০০/-+২০০০/-)=	=১৩,০০ ০/=
খ)	দুই (০২)টি ব্যাচের প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ ভাতা ২x২০x৪০০=৮০ জন x৪০০/-হারে	=১৬,০০ ০/=
গ)	প্রশিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণ ফোল্ডার/ব্যাগ ৩৫০/-দরে (৪০x৩৫০=১৪,০০০/-)+কলম ৪০/-/(৪০x৪০)=১৬০০/-)+নোটবুক ৫০/-দরে (৪০x৫০=২,০০০/-)	=১৭,৬০ ০/=
ঘ)	দুই(০২)টি ব্যাচের প্রশিক্ষার্থীদের আপ্যায়ন প্রশিক্ষক, সমন্বয়ক ও এ্যাটেনডেন্সসহ, সকাল ও বিকালের নাস্তা ১০০/-হারে, এবং দুপুরের খাবার (৫০০/-হারে)মোট=৫৪ জন (৫৪x৬০০/-)=	=৩২,৪০ ০/=
ঙ)	পানি (দুই বেলা) ৯ কেস (১০৮ বোতল ১০/-দরে) (দুইটি ব্যাচের জন্য)	=১,০৮০ /=
চ)	হেল্ড আউট ফটোকপি ও অন্যান্য (Covid-19 Hygiene)	=২,০০০ /=
সর্বমোট ব্যয় টাকা=৮২,০৮০/=		
(কথায়: বিরাশি হাজার আশি টাকা মাত্র)		

৪) এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এর পরিচ্ছেদ ১-৪ এ বর্ণিত দুই (০২)টি একদিনের (পূর্ণকর্মদিবসব্যাপী) সরাসরি প্রশিক্ষণে ঢাকা ওয়াসা রাজস্ব বিভাগের চল্লিশ (৪০)জন ইউটসোর্সিং বিলিং সহকারীর প্রশিক্ষণে মনোনয়ন, প্রশিক্ষণ সূচী এবং কোর্স আয়োজনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে স্থানীয় প্রশিক্ষণ খাতের “প্রশিক্ষণ ফি” বরাদ্দ হতে সর্বমোট টাকা=৮২,০৮০/= (কথায়: বিরাশি হাজার আশি টাকা মাত্র) ব্যয়ের অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা “প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা”-এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত প্রশিক্ষণ বাজেটে উল্লেখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃতব্যয় কম/বেশী হতে পারে। তবে প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হ’ল।







৪/১০/২৩ ১২:৪০ অপরাহ্ন
মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

৪/১০/২৩ ১:০৫ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

৪/১০/২৩ ৪:২৮ অপরাহ্ন
মোঃ আব্দুলজামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) এর দপ্তর

৪/১০/২৩ ৪:২৮ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

সংযুক্তিসমূহ (২):

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

- ১। participant list for revenue training 2 batches.pdf
২। Course Program for batch-1 & 2.pdf
-

অনুচ্ছেদ ৭.১ - তারিখঃ ৭/১০/২৩ ৮:১৮ পূর্বাহ্ন

Okay



৭/১০/২৩ ৮:১৮ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



৭/১০/২৩ ৫:১০ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



৭/১০/২৩ ৬:৫৯ অপরাহ্ন
মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র